# 2025/FYUG/ODD/SEM/
# BNGDSM–301/302T(A/B)/032

**FYUG Odd Semester Exam., 2025**

BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGDSM–301/302T

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Candidate have to answer *either* BNGDSM–301T *or* BNGDSM–302T

OPTION—A

Course No. : BNGDSM–301T

( রবীন্দ্র সাহিত্য )

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থটি গ্রন্থাকারে কত সালে প্রকাশিত হয়? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(খ) ‘ছেলেটা’ কবিতায় ছেলেটার বয়স কত? তাকে কে ডেকে এনে দুধ খাওয়াতো?

(গ) ‘হায়রে সামান্য মেয়ে’— এই সামান্য মেয়েটির নাম কী? তাকে অসামান্য করার জন্য কোন্ লেখককে অনুরোধ করা হয়েছে?



LearnFO

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'ছেলেটা' কবিতায় এক অনাথ, অবহেলিত অথচ প্রাণশক্তিতে ভরপুর যে বালকের ছবি আঁকা হয়েছে তা তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

(খ) তোমার পঠিত 'ক্যামেলিয়া' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

## UNIT—II

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) কোন্ পত্রিকায়, কত সালে 'শেষের কবিতা' উপন্যাসটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?

(খ) ইংরেজ বন্ধু ও বন্ধুনীদের মুখে অমিতর নামের উচ্চারণ কী দাঁড়িয়েছিল? তার 'বাপ' কী ছিলেন?

(গ) অমিত ও লাবণ্যের প্রথম সাক্ষাৎ কোথায় হয়েছিল? অমিত তাকে কী বলে ডাকতো?

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'শেষের কবিতা' উপন্যাসের বিষয় রোমান্টিক প্রেম—আলোচনা করো।

(খ) লাবণ্য চরিত্রের আবেগ-সংযম ও বুদ্ধির পরিচয়সহ চরিত্রটি বিশ্লেষণ করো।





## UNIT—III

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'রাজা' নাটকের আখ্যানভাগ কোথা থেকে গৃহীত হয়েছে? এই নাটকের রাণীর নাম কী ছিল?

(খ) 'রাজা' নাটকের পটভূমিকায় একটি ঋতুর উৎসবের প্রসঙ্গ আছে। সে কোন্ ঋতু? 'আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে'—গানটি কে গেয়েছেন?

(গ) "তোমার মধ্যে আমার উপমা আছে।" উক্তিটি কার? অন্ধকার ঘরের দাসীর নাম কী?

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'রাজা' নাটকটিকে একটি সার্থক রূপক-সাঙ্কেতিক নাটক হিসেবে আখ্যায়িত করা যায় কী না, আলোচনা করো।

(খ) " 'রাজা' নাটকে ঠাকুরদা রাজার প্রতিনিধি।" মন্তব্যটি বিশদ করো।

## UNIT—IV

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'ছিন্নপত্র'-এর ১-সংখ্যক পত্রটি কবে, কোথা থেকে লেখা হয়েছিল?



LearnFO

(খ) ''বোট ওপারে গেল, বোট-লক্ষ্মী বোটে ফিরলেন—বলু বলতে লাগল, 'তোমাদের নিয়ে আমি আর কখনো বেরোব না।' '' ১০-সংখ্যক পত্রে উল্লিখিত এই 'বোট-লক্ষ্মী' কে? বলুর পুরো নাম কী?

(গ) 'ছিন্নপত্র'-এর ১০৬-সংখ্যক পত্রের একেবারে শেষ অংশে লিখিত হয়েছে—''আমার ঘরে ক্ষুদ্রতমাটি ঠোঁট ফুলিয়ে অভিমান করতে শিখেছে।'' এই ক্ষুদ্রতমাটি লেখকের কে হয়? তার নাম কী ছিল?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) পত্রসাহিত্য হিসেবে রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর গুরুত্ব ও বিশেষত্ব আলোচনা করো।

(খ) তোমার পঠিত 'ছিন্নপত্র'-এর অধিকাংশ পত্রে পদ্মা বিধৌত পল্লীবাংলার যে অপরূপ রূপের পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও।

UNIT—V

৯। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ''সাহিত্যের মধ্যে দুই শ্রেণির যোগী দেখা যায়, ধ্যানযোগী ও কর্মযোগী।'' লেখকের মতে বঙ্কিমচন্দ্র কোন্ শ্রেণির যোগী ছিলেন? বঙ্কিমচন্দ্র সম্পাদিত পত্রিকাটির নাম কী ছিল?





(খ) ''তাঁহার প্রতিভার ঐশ্বর্য ছিল কিন্তু গৃহিণীপনা ছিল না।'' কার সম্পর্কে একথা বলা হয়েছে? তাঁর রচিত ভ্রমণ-কাহিনিটির নাম কী?

(গ) ''বঙ্কিমবাবু সেই ইতিহাস এবং মানব উভয়কেই একত্র করিয়া এই ঐতিহাসিক উপন্যাস রচনা করিয়াছেন।'' বঙ্কিমচন্দ্র রচিত ঐতিহাসিক উপন্যাসটির নাম কী? কোন্ 'বাদশাহজাদী' উপন্যাসের নায়ককে ভালোবাসতে চেয়েছিলেন?

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''সেই উষালোকে কেবল একটি ভোরের পাখি সুমিষ্ট সুন্দর সুরে গান ধরিয়াছিল।'' উক্তিটির আলোকে বাংলা গীতিকবিতার ধারায় বিহারীলাল চক্রবর্তীর অবদান বিষয়ে লেখক যে মূল্যায়ন করেছেন তার বর্ণনা দাও।

(খ) '' 'রাজসিংহ' প্রথম হইতে উলটাইয়া গেলে এই কথাটি বারংবার মনে হয় যে, কোনো ঘটনা, কোনো পরিচ্ছেদ কোথাও বসিয়া কালক্ষেপ করিতেছে না।'' 'রাজসিংহ' উপন্যাস সম্পর্কে লেখকের এই মন্তব্যটির যাথার্থ্যতা বিচার করো।



LearnFo

OPTION—B

Course No. : BNGDSM-302T

( উনিশ শতকের বাংলা কবিতা ও নাটক )

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে উল্লিখিত রাবণ পত্নীর নাম কী? তিনি কী কারণে রাবণকে ধিক্কার দিয়েছিলেন?

(খ) রাবণ মেঘনাদকে ইষ্টদেবতার পূজা করতে কোথায় যেতে বলেন? কার আক্রমণে যজ্ঞাগারের পবিত্রতা নষ্ট হয়?

(গ) 'মেঘনাদবধ কাব্য'-এ কয়টি সর্গ আছে? 'মেঘনাদবধ কাব্য'-এর অন্তিম সর্গটির নাম কী?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণের রাজসভার বর্ণনা দাও।

(খ) "'মেঘনাদবধ কাব্য'-এর রাবণ চরিত্রটি মধুসূদনের সর্বশ্রেষ্ঠ সৃষ্টিকর্ম হিসাবে পরিগণিত।" মন্তব্যটি আলোচনা করো।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বিহারীলাল চক্রবর্তীর একটি কাব্যগ্রন্থের নাম লেখো। রবীন্দ্রনাথ ঠাকুর বিহারীলাল চক্রবর্তীকে কী নামে ভূষিত করেন?



(খ) অক্ষয়কুমার বড়ালের জন্ম কত খ্রিস্টাব্দে? তাঁর লেখা তোমাদের পাঠ্য কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) মানকুমারী বসুর দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'সুরবালা' কবিতাটিতে বিহারীলাল চক্রবর্তী উদাস সুররূপসীর যে বিবরণ দিয়েছেন তা আলোচনা করো।

(খ) দেবেন্দ্রনাথ সেনের 'অশোক তরু' কবিতাটির বিষয়বস্তু আলোচনা করো।

UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) "ভরা পালে চলে যায়, কোনোদিকে নাহি চায়," —কোন্ কবিতা ও কাব্যগ্রন্থের অংশ?

(খ) "হেরি কাহার নয়ান,<br>—অশ্রু-আঁখি পড়েছিল মনে?"

উপরোক্ত অংশের শূন্যস্থান পূর্ণ করো। এটি কোন্ কবিতার অংশ?

(গ) খ্যাপার মাথায় কী ছিলো? সে কী খুঁজে ফিরছে?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'সোনার তরী' কাব্যগ্রন্থের 'সোনার তরী' কবিতার ভাববস্তু বিশ্লেষণ করো।

(খ) "'যেতে নাহি দিব' কবিতার মূল সুর জীবনের প্রতি আসক্তি এবং সুগভীর মর্ত্যপ্রীতি।" কবিতাটি বিশ্লেষণ করে মন্তব্যটির সত্যতা বিচার করো।



LearnFO

## UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মাইকেল মধুসূদন দত্তের জন্ম কবে ও কোথায় হয়েছিল ?

(খ) কৃষ্ণকুমারীর পিতার নাম কী ? তিনি কোন্ রাজ্যের রাজা ছিলেন ?

(গ) 'কৃষ্ণকুমারী' নাটকটির লেখক কে ? এই নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ঐতিহাসিক ট্র্যাজেডি হিসাবে 'কৃষ্ণকুমারী' নাটকের সার্থকতা বিচার করো।

(খ) 'কৃষ্ণকুমারী' নাটকের যে কোনো একটি নারীচরিত্র নিয়ে আলোচনা করো।

## UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'সধবার একাদশী' কোন্ ধরনের নাটক ? এই নাটকটির নাট্যকারের নাম লেখা।

(খ) 'সধবার একাদশী' নাটকের কেন্দ্রীয় চরিত্র কে ? তার একজন 'ইয়ার'-এর নাম উল্লেখ করো।

(গ) 'সধবার একাদশী' নাটকের দুটি নারীচরিত্রের নাম লেখো।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'সধবার একাদশী' নাটকে বর্ণিত সমকালীন সমাজচিত্রের যে বিবরণ পাওয়া যায় তা আলোচনা করো।

(খ) 'সধবার একাদশী' নাটকের নিমচাঁদ চরিত্রটি আলোচনা করো।

★★★



LearnFO